আমার  নয়ন তোমার নয়নতলে মনের কথা খোঁজে,
সেথায়  কালো ছায়ার মায়ার ঘোরে পথ হারালো ও যে ॥
    নীরব দিঠে শুধায় যত    পায় না সাড়া মনের মতো,
    অবুঝ হয়ে রয় সে চেয়ে অশ্রুধারায় ম'জে ॥
তুমি    আমার কথার আভাখানি পেয়েছ কি মনে।
    এই-যে আমি মালা আনি,    তার বাণী কেউ শোনে ?
    পথ দিয়ে যাই, যেতে যেতে    হাওয়ায় ব্যথা দিই যে পেতে—
    বাঁশি বিছায় বিষাদ-ছায়া    তার ভাষা কেউ বোঝে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Chhayanat
Visit www.geetabitan.com for notation and other detail